

নির্বাহী আদেশ

**আইনের সাময়িক স্বগিতাদেশ এবং সংশোধন অব্যাহত রাখা
সাময়িক স্বগিতাদেশ ও পরিবর্তন অব্যাহত রাখা**

যেখানে, 7 মার্চ 2020 তারিখে আমি সম্পূর্ণ নিউ ইয়র্ক স্টেট জুড়ে স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার কথা ঘোষণা করে নির্বাহী আদেশ নম্বর 202 জারি করি; এবং

যেখানে, COVID-19 এর ভ্রমণ সংশ্লিষ্ট ঘটনা এবং সম্প্রদায়ের সংস্পর্শজনিত সংক্রমণ, উভয়ই নিউ ইয়র্ক স্টেটে নথিভুক্ত করা হয়েছে এবং তা আরো চলতে পারে বলে প্রত্যাশা করা হচ্ছে;

এখন, অতএব, আমি, অ্যান্ড্রু এম. কুওমো, নিউ ইয়র্ক স্টেটের গভর্নর, নির্বাহী আইনের আর্টিকেল 2-B এর 29-a সেকশনের অধীনে আমার উপর ন্যস্ত কর্তৃত্বের দ্বারা যে কোনো সংস্থার কোনো আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান বা এর অংশগুলো সাময়িকভাবে স্বগিত বা সংশোধন করতে পারি স্টেটের দুর্যোগকালীন জরুরি অবস্থার সময়, যদি এই জাতীয় আইন, স্থানীয় আইন, অধ্যাদেশ, আদেশ, বিধি বা প্রবিধান মেনে চললে তা দুর্যোগকালীন জরুরি পরিস্থিতি মোকাবেলায় প্রয়োজনীয় পদক্ষেপ নিতে বাধা দেয় বা বিলম্ব করায় বা এই ধরনের দুর্যোগ মোকাবেলায় সহায়তা বা সহযোগিতা করার জন্য প্রয়োজন হয় এবং একটি দুর্যোগকালীন সঙ্কটের মোকাবিলার জন্য যে কোনো নির্দেশ জারি করার উদ্দেশ্যে প্রয়োজন, আমি এতদ্বারা এই কার্যনির্বাহী আদেশের তারিখ থেকে 27 জানুয়ারী 2021 পর্যন্ত সাময়িকভাবে নিম্নলিখিতগুলি স্বগিত বা সংশোধন করছি:

- শিক্ষা আইনের (EducationLaw) সেকশন 6502, 6524, 6905, 6906 এবং 6910 এবং NYCRR এর টাইটেল 8 এর অংশ 59.8 সেই পরিসর অবধি সংশোধন করা যা প্রয়োজন অবসরপ্রাপ্ত চিকিৎসক, নিবন্ধিত পেশাদার নার্স, লাইসেন্সপ্রাপ্ত ব্যবহারিক নার্স, এবং নার্স চিকিৎসকদের যারা প্র্যাক্টিস করার জন্য লাইসেন্সপ্রাপ্ত এবং বর্তমানে নিউ ইয়র্ক রাজ্যের সকল প্রাসঙ্গিক নিয়ম কানূনের ও শৃঙ্খলার অনুবর্তি, কিন্তু নিউ ইয়র্ক স্টেটে নিবন্ধিত নন, তাদের পুনরায় নিবন্ধিত করা একটি স্বরাশ্রিত স্বয়ংক্রিয় নিবন্ধিকরণ ফর্মের সাহায্যে যা রাজ্য তৈরি করে এবং কোন নিবন্ধিকরণ ফি মকুব করা ত্রিবার্ষিক নিবন্ধিকরণের সমকালের জন্য সেই ধরনের নিবন্ধকদের ক্ষেত্রে;
- জনস্বাস্থ্য আইনের (Public Health) সেকশন 12 এই নির্বাহী আদেশে প্রতিষ্ঠিত দেওয়ানি জরিমানা মূল্যায়নের জন্য ডিপার্টমেন্টকে অনুমতি দেওয়ার উদ্দেশ্যে এতদ্বারা সংশোধন করা হচ্ছে;

উপরন্তু, দুর্যোগ মোকাবেলা করার জন্য প্রয়োজনীয় দুর্যোগ জরুরি সময় কোনো নির্দেশ জারি করার জন্য নির্বাহী আইনের 29-a সেকশনের অনুষ্টেদ 2-B এর ধারা অনুযায়ী আমার উপর ন্যস্ত কর্তৃত্বের ক্ষমতা দ্বারা, আমি এই নির্বাহী আদেশের তারিখ থেকে 27 জানুয়ারী 2021 সময়কালের জন্য নিম্নলিখিত নির্দেশগুলি ইস্যু করি:

- রাজ্যের বর্তমানে সীমিত পরিমাণ টিকা কারা পাচ্ছে সে সম্পর্কে সম্পূর্ণ এবং সঠিক তথ্য আছে তা নিশ্চিত করতে, এবং রাজ্যের প্রচেষ্টাগুলিকে অঞ্চল এবং সম্প্রদায়গুলি যারা টিকা পাচ্ছে তাদের বুঝতে অবগত করতে, স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারীরা যে কোনো ব্যক্তি যারা টিকা পাচ্ছেন তাদের তথ্য প্রদান করতে বলবেন, যার মধ্যে থাকবে, কিন্তু তাতেই সীমাবদ্ধ থাকবে না, একটি ফর্মে একটি অ্যাটেস্টেশন, যা স্বাস্থ্য দপ্তর নির্ধারণ করবে, যে তারা একটি অগ্রাধিকারযুক্ত দলের সদস্য যা স্বাস্থ্য বিভাগ দ্বারা টিকার জন্য যোগ্য বলে নির্ধারিত হয়েছে। যে কোন লাইসেন্সপ্রাপ্ত স্বাস্থ্য পরিচর্যা প্রদানকারী যিনি কোন ব্যক্তিকে এই টিকা প্রদান করেন, যিনি অগ্রাধিকারযুক্ত গ্রুপের সদস্য হিসেবে প্রত্যয়িত নন অথবা যেখানে এই ধরনের সরবরাহকারী অন্যথায় জানেন যে সেই ব্যক্তি কোন অগ্রাধিকারযুক্ত দলের সদস্য নন, তাকে দেওয়ানি জরিমানা আরোপ করা হতে পারে প্রতি ডোজে এক মিলিয়ন মার্কিন ডলার পর্যন্ত এবং/অথবা রাজ্যের জারি করা লাইসেন্সের প্রত্যাহার সহ।
- আইনের কোন বিধান সত্ত্বেও, অথবা আইনসভার উভয় কক্ষের সমসাময়িক সিদ্ধান্তের বিপরিতেও, কম্পট্রোলার কমিশনারের ভূমিকায় কর্মরত কোন ব্যক্তির বেতনের হার বৃদ্ধি করবেন না, যার বেতন নির্বাহী আইনে নির্ধারণ করা হয়েছে, অথবা কোন ব্যক্তি যিনি রাজ্যব্যাপী নির্বাচিত পদে আছেন, এবং 1 জানুয়ারি, 2021 তারিখে বর্ধিত হওয়ার কথা।

আমার স্বহস্তে প্রদত্ত এবং অ্যালবেনি শহরে স্টেটের

নিজস্ব সিলমোহর সহ দুই হাজার বিশ

সালের ডিসেম্বর মাসের আঠাশতম দিনে

এটি প্রদান করা হলো।

গভর্নর কর্তৃক

গভর্নরের সচিব